Registrar Office
Jagannath University
Dhaka-1100, Bangladesh
Tel : (+880-2) 9534255
Fax : (+880-2) 47118449
E-mail: registrar@jnu.ac.bd

রেজিস্ট্রার দপ্তর
জগন্নাথ বিশ্ববিদ্যালয়
ঢাকা-১১০০, বাংলাদেশ
ফোন ঃ (৮৮০-২) ৯৫৩৪২৫৫
ফ্যাক্স ঃ (৮৮০-২) ৪৭১১৮৪৪৯

জবি/প্রশা/একা/এমফিল এবং পিএইচডি/১৭(২০)/০২/২০১৫/৬৬০

তারিখ : ২৮ এপ্রিল, ২০২৫

পরিচালক
জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তর
জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।

বিষয়: **এমফিল এবং পিএইচডি প্রোগ্রামে ভর্তির বিজ্ঞপ্তি প্রচার/প্রকাশ প্রসঙ্গে।**

জনাব,

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে এমফিল এবং পিএইচডি প্রোগ্রামে ভর্তির বিজ্ঞপ্তি (১) **দৈনিক আমার দেশ** এবং (২) **The Daily New Age** পত্রিকায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো:

## জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা-১১০০

## এমফিল এবং পিএইচডি প্রোগ্রামে ভর্তির বিজ্ঞপ্তি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে **MPhil** এবং **PhD** প্রোগ্রামে ভর্তির জন্য আগ্রহী প্রার্থীদের কাছ থেকে **Online**-এ নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। **আগামী ০৪/০৫/২০২৫ তারিখ থেকে ০৩/০৭/২০২৫** তারিখের মধ্যে আবেদন ফরম **Online**-এ (**https://pgadmission.jnu.ac.bd/**) যথাযথভাবে পূরণ করে পূরণকৃত আবেদন ফরমের সাথে গবেষণা প্রস্তাব (**Synopsis**), সকল শিক্ষাগত যোগ্যতার সনদ ও নম্বরপত্রসমূহের ফটোকপি এবং তিন কপি রঙিন ছবি সংশ্লিষ্ট ইনস্টিটিউট-এর পরিচালক বা বিভাগীয় চেয়ারম্যান-এর দপ্তরে জমা (অফিস চলাকালীন সময়ে, সকাল ৮:০০টা থেকে বিকাল ৪:০০টা পর্যন্ত) দিতে হবে।

আবেদনপত্রের সাথে চাকুরীরত প্রার্থীকে **MPhil** প্রোগ্রামে গবেষণার জন্য ১ (এক) বছর এবং **PhD** প্রোগ্রামে গবেষণার জন্য ২ (দুই) বছরের ছুটি পাবেন মর্মে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট থেকে সম্মতিপত্র অবশ্যই সংযুক্ত করতে হবে। মনোনীত **MPhil** প্রার্থীকে (জগন্নাথ বিশ্ববিদ্যালয় ব্যতীত) অবশ্যই তাঁর কর্মরত প্রতিষ্ঠান থেকে **MPhil** প্রোগ্রামে যোগদানের পূর্বে ন্যূনতম ১ (এক) বছরের ছুটি (বাধ্যতামূলক) নিতে হবে। মনোনীত নিয়মিত (**Full Time**) **PhD** প্রার্থীকে (জগন্নাথ বিশ্ববিদ্যালয় ব্যতীত) তাঁর কর্মরত প্রতিষ্ঠান থেকে **PhD** প্রোগ্রামে যোগদানের পূর্বে ন্যূনতম ২ (দুই) বছরের ছুটি নিতে হবে এবং অনিয়মিত (**Part Time**) **PhD** প্রার্থীকে **Part Time** গবেষণা করবেন মর্মে তাঁর কর্মরত প্রতিষ্ঠান থেকে অনুমতিপত্র জমা দিতে হবে।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে কর্মরত যে সকল শিক্ষক **MPhil** এবং **PhD** প্রোগ্রামে ভর্তি হবেন তাদের **MPhil** প্রোগ্রামের জন্য ১ (এক) বছর এবং **PhD** প্রোগ্রামের জন্য কমপক্ষে ২ (দুই) বছর শিক্ষা ছুটি নিতে হবে।

আবেদন ফরম, **MPhil** এবং **PhD** প্রোগ্রামে ভর্তির যোগ্যতা/রুলসসহ যাবতীয় তথ্যাদি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (**www.jnu.ac.bd**) পাওয়া যাবে।

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
জগন্নাথ বিশ্ববিদ্যালয়।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে,

28/04/2025

**(অধ্যাপক ড. মোঃ শেখ গিয়াস উদ্দিন)**
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
তারিখ : ২৮ এপ্রিল, ২০২৫

জবি/প্রশা/একা/এমফিল এবং পিএইচডি/১৭(২০)/০২/২০১৫/৬৬০

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১-৭. ডীন, সকল অনুষদ, জবি।
৮-৯. পরিচালক, আই.ই.আর/আই.এম.এল, জবি।
১০-৪৭. চেয়ারম্যান, সকল বিভাগ, জবি।
৪৮. পরিচালক (গবেষণা), জবি।
৪৯. পরিচালক, আইসিটি সেল (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে **MPhil** এবং **PhD** প্রোগ্রামের **Online**-এ নির্ধারিত ফরম স্থায়ীভাবে প্রদর্শনসহ ভর্তির বিজ্ঞপ্তি ব্যাপক প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ), জবি।
৫০. পরীক্ষা নিয়ন্ত্রক, জবি।
৫১. ডেপুটি রেজিস্ট্রার/পিএস টু ভিসি, উপাচার্য দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), জবি।
৫২. ডেপুটি রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), জবি।
৫৩. অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

28.4.2025

(সাহানা আক্তার)
ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)।